গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ
(স্থানীয় সরকার শাখা)
www.gopalganj.gov.bd

শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক সংখ্যা-০৫.৩০.৩৫০০.০১১.১৬.০০৭.১৯-১০৮

তারিখ : ২৭ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ অধিশাখা, ঢাকা এর ০৭ অক্টোবর ২০১৯খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭.১৭-৪৩৫ নং স্মারকে পরিপ্রেক্ষিতে গোপালগঞ্জ জেলার ২৬ টি ইউনিয়ন পরিষদে শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে হিসাব সহকারী-কাম-কম্পিউটার-অপারেটর পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত জাতীয় বেতন স্কেল ও শর্তাদি সাপেক্ষে গোপালগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | হিসাব সহকারী-কাম-কম্পিউটার- অপারেটর | ২৬ টি | ৯৩০০-২২৪৯০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগ এ অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত (সরকার কর্তৃক অনুমোদিত)<br>গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) ও ইংরেজী ২০ (বিশ) শব্দ। |

### আবেদনের শর্তাবলী :

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও গোপালগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। নির্ধারিত আবেদন ফরমটি গোপালগঞ্জ জেলার ওয়েব সাইট (www.gopalganj.gov.bd) এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

৩। হিসাব সহকারী কাম-কম্পিউটার-অপারেটরদের বেতনের ৭৫% সরকারি অনুদান থেকে ও ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে।

৪। আবেদনের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (ক) সংশ্লিষ্ট পৌরসভা/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ (খ) চারিত্রিক সনদ (গ) শিক্ষাগত যোগ্যতার সনদের ছায়ালিপি (ঘ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ছায়ালিপি (ঙ) সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

৫। আবেদনের সাথে সোনালী ব্যাংক হতে ৫০০/-(পাঁচ শত) টাকা মূল্যের (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জেলা প্রশাসক, গোপালগঞ্জ বরাবর দাখিল করতে হবে।

৬। খামের উপরে স্পষ্ট অক্ষরে আবেদনকারীর নাম, ঠিকানা, পদের নাম ও কোটার নাম (যদি থাকে) লিখতে হবে।

৭। পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। (মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধার সন্তান এবং সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য)। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।

৮। মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধার সন্তান এবং সন্তানের সন্তানদের ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে তার পিতা/ মাতা/ পিতামহ/ মাতামহের মুক্তিযোদ্ধার সার্টিফিকেট উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এর ফটোকপি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। এছাড়া আবেদনকারীর সাথে সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট চেয়ারম্যান/ মেয়র কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।

চলমান পাতা-০২

৯। প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, গোপালগঞ্জ এর নিকট হতে তালিকাভুক্তির সনদপত্রের সত্যায়িত কপি,এতিমখানার নিবাসীদের ক্ষেত্রে এতিমখানার তত্ত্বাবধায়কের নিকট থেকে প্রত্যায়নপত্রের কপি/আনসার ভিডিপির ক্ষেত্রে জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি এবং উপজাতি সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যায়নপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১০। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবিও সীলমোহর থাকতে হবে।

১১। নিয়োগের ক্ষেত্রে কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

১২। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১৩। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১৪। আবেদন জেলা প্রশাসক, গোপালগঞ্জ বরাবর ১৬/০৪/২০২০খ্রি, তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মাধ্যমে ডাকযোগে/ সরাসরি এ কার্যালয়ে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৫। ১০/-(দশ) টাকার অব্যবহৃত ডাক টিকিটযুক্ত ১০.৫ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি একটি খামে প্রাপকের নিজ ঠিকানা লিপিবদ্ধ করে (প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে চান) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১৬। দরখাস্ত বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত শর্তাবলির যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৮। মৌখিক পরীক্ষার সময় মূল সনদপত্র ও রেকর্ডপত্র উপস্থাপন করতে হবে।

১৯। তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

১১।৩।2020

( শাহিদা সুলতানা )
জেলা প্রশাসক
ও
সভাপতি
হিসাব সহকারী-কাম-কম্পিউটার-অপারেটর
নিয়োগ কমিটি-২০২০, গোপালগঞ্জ।

স্মারক সংখ্যা-০৫.৩০.৩৫০০.০১১.১৬.০০৭.১৯-১০৮(১০)

তারিখ : ২৭ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ / ১১ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

৩। পুলিশ সুপার, গোপালগঞ্জ।

৪। মেয়র, গোপালগঞ্জ পৌরসভা, গোপালগঞ্জ।

৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গোপালগঞ্জ।

৬। নির্বাহী প্রকৌশলী,ওজোপাডিকো, গোপালগঞ্জ।

৭। নেজারত ডেপুটি কালেক্টর, গোপালগঞ্জ।

৮। সম্পাদক,-------------------------------------। তাঁকে এ নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী----------------তারিখের মধ্যে ০১(এক)দিনের জন্য পত্রিকার ভিতরের পাতায় ৩x১০" কলাম সাইজে ছাপিয়ে এ কার্যালয়ে ০৫(পাঁচ) কপি প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৯। অফিস কপি।

জেলা প্রশাসক
ও
সভাপতি
হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর
নিয়োগ কমিটি-২০২০, গোপালগঞ্জ।